চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৩ এপ্রিল ২০১৮ খ্রি.

চসিক পরিচালিত মোবাইল কোর্ট অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এর নেতৃত্বে ০৩ এপ্রিল ২০১৮ খ্রি.মঙ্গলবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে সিডিএ এভিনিউ এর বহদ্দার হাট থেকে মোহাম্মদপুর পর্যন্ত সিটি কর্পোরেশনের ফুটপাত ও নালা অবৈধভাবে দখল করে কাঠ,লোহা সহ ব্যবসা প্রতিষ্ঠানের বিভিন্ন মালামাল স্তুপ করে জনদূর্ভোগ সৃষ্টির দায়ে মেসার্স এস আই কোংকে ১০ হাজার টাকা,রিয়াদ এন্টারপ্রাইজকে ১০ হাজার টাকা, আইয়ুব টিম্বারকে ১০ হাজার টাকা মেসার্স এ এস এন্টারপ্রাইজকে ১০ হাজার টাকা, সিরাজ ওয়ার্কসপকে ৫ হাজার, শাহজালাল এন্টারপ্রাইজকে ১০ হাজার টাকা, বান্দরবান টিম্বারকে ১০ হাজার টাকা মেসার্স নুরুল আলম সও.কে ১০ হাজার টাকা, মেসার্স আলমগীর এন্ড ব্রাদার্সকে ১০ হাজার টাকা,ভাই ভাই ট্রেডিংকে ১০ হাজার টাকা,পটিয়া টিম্বারকে ১০ হাজার টাকা,শাহীন টিম্বারকে১০ হাজার টাকা,মেসার্স খান টিম্বারকে ১০ হাজার টাকা, মেসার্স হাজী ইব্রাহীম এন্ড সন্সকে ১০ হাজার টাকা, বিসমিল্লাহ অটো সলিউশনকে ৫ হাজার, নিউ খাজা গরীবে নেওয়াজ টিম্বারকে ১০ হাজার টাকা, মোহাম্মদ লোকমানকে ৫ হাজার, আজমীর টিম্বারকে ৫ হাজার,সোয়াহিল টিম্বারকে ১০ হাজার টাকা,আলী আকবর টিম্বারকে ১০ হাজার টাকা,হাজী চান মিয়া টিম্বারকে ৫ হাজার, নুর মদিনা ইন্ড্রা. ৫ হাজার, আনোয়ার ট্রেডিং কর্পোরেশনকে ১০ হাজার টাকা, হারুন ঝাল বিতানকে ৫ হাজার টাকা, হামিদা টিম্বার ট্রেডিংকে ১০ হাজার টাকা, খাজা গরীবে নেওয়াজ টিম্বারকে ১০ হাজার টাকা, ওয়াটার সাইফকে ৫ হাজার ও মেসার্স মুনিরিয়া ওয়ার্কসপকে ৫ হাজার টাকা সহ মোট ২ লক্ষ ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম-০৩এপ্রিল ২০১৮ খ্রি.

চসিকের চার শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের এক সভা গত সোমবার ও আজ মঙ্গলবার বিকালে কর্পোরেশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিচালনা পরিষদের সভাপতি ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। যে চার শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত হয়েছে সে চারটি প্রতিষ্ঠান হল কাট্টলী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও

কলেজ, হোসেন আহম্মদ চৌধুরী সিটি কর্পোরেশন স্কুল এন্ড কলেজ, পূর্ব বাকলিয়া সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ এবং অপর্নাচরন সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ। সভায় সকল শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্যরা ছাড়াও চসিকের শিক্ষা কর্মকর্তা সাইফুর রহমান, সিদ্ধার্থ কর ও সদস্য সচিবগণ উপস্থিত ছিলেন। সভায় শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বিগত বছর ও ২০১৮ সালের সম্ভাব্য বাজেট, বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়। এছাড়াও কাট্টলী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের জন্য ৬ কক্ষ বিশিষ্ট একটি অস্থায়ী টিনশেড ঘর নির্মাণ, কলেজের প্রাতঃ শাখা চালু এবং গরীব মেধাবী শিক্ষার্থীদের বিনা বেতনে অধ্যয়নেরে ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

চট্টগ্রাম-৩ এপ্রিল ২০১৮ খ্রি.

জাতীয় শিশু শ্রম নিরসন নীতিমালা বাস্তবায়নে
কল্যাণ পরিষদ গঠন বিষয়ে বৈঠক অনুষ্ঠিত

দেশের শিশুদের ঝুঁকিপূর্ণ কাজ থেকে সুরক্ষার লক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শিশু শ্রম পরিস্থিতির ইতিবাচক পরিবর্তনের জন্য একটি নীতিমালা প্রণয়ন করেছে। জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে ঘটে যাওয়া পরিবর্তনের আলোকে শিশু শ্রম পরিস্থিতির ইতিবাচক পরিবর্তনের লক্ষে প্রয়োজনীয় উপাদান ও নীতিমালা সন্নিবেশিত করে ২০১০ সালের ১ মার্চ অনুমোদিত এবং ২০১৩ সনে সংশোধিত জাতীয় শিশু শ্রম নিরসন নীতিমালা কার্যকর বাস্তবায়নের লক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় শ্রমে নিয়োজিত শিশুদের ডাটাবেজ তৈরি করার লক্ষে ওয়ার্ড ভিত্তিক গঠিত শিশু শ্রম কল্যাণ পরিষদের এক সভা ৩ এপ্রিল ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম বিভাগীয় কমিশনারের নেতৃত্বে গঠিত বিভাগীয় কমিটির আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় গঠিত ওয়ার্ড কমিটি শ্রমে নিয়োজিত শিশুদের ডাটাবেজ তৈরি করবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়ার্ড কমিটি সমূহের সভায় ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম, সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, মো. গিয়াস উদ্দিন, ছালেহ আহমেদ চৌধুরী, জয়নাল আবেদীন, জহর লাল হাজারী, হাসান মুরাদ বিপ্লব, এইচ এম সোহেল, গোলাম মো. জোবায়ের, মোহাম্মদ ইসমাইল বালী ও ইয়াছিন চৌধুরী আশু এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের শ্রম পরিদর্শক রাজু বড়ুয়া সহ কাউন্সিলরবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সরকার ১৪ বছরের নিচে শিশুদের ঝুঁকিপূর্ণ কাজ নিষিদ্ধ করেছেন। জাতীয় শিশু শ্রম কল্যাণ পরিষদ নীতিমালার ভিত্তিতে শিশুদের যোগ্য সুনাগরিক হিসেবে গড়ে তোলার বিষয়টি গুরুত্বদিয়ে সরকারের নীতিমালা বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে। তিনি বলেন, শিশু শ্রম অভিশপ্ত। কর্মের প্রলোভন দেখিয়ে এক শ্রেণির প্রতারক ঘর থেকে বের করে গ্রাম

থেকে শহরে, অবশেষে শহর থেকে বিদেশে শিশুদের পাচার করে থাকে। তারা শিশুদের নানা ভাবে অসামাজিক কাজে এবং ঝুঁকিপূর্ণ কাজে খাটিয়ে ফায়দা লুটার চেষ্টা করে। এ ধরণের কর্ম থেকে শিশুদের সুরক্ষার লক্ষে সরকারি নীতিমালার আলোকে শিশু শ্রম কল্যাণ পরিষদ সহায়ক ভূমিকা পালন করবে বলে মেয়র এই প্রত্যাশা ব্যক্ত করেন। সভায় স্বল্পতম সময়ের মধ্যে ওয়ার্ড ভিত্তিক শিশু শ্রম কল্যাণ পরিষদ গঠন এবং ডাটাবেজ এক সাথে তৈরি করার সিদ্ধান্ত গ্রহিত হয়।

চট্টগ্রাম-৩ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলীর আগ্রাবাদ এক্সেসরোড ও পোর্ট কানেকটিং রোডের উন্নয়ন কাজ পরিদর্শন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী মাহফুজুল হক ৩ এপ্রিল ২০১৮ খ্রি. মঙ্গলবার বিকেলে নগরীর আগ্রাবাদ এক্সেসরোড ও পোর্ট কানেকটিংরোড পরিদর্শন করেন। জাইকার অর্থায়নে এই দুইটি সড়ক উন্নয়ন, নালা নির্মাণ ও সৌন্দর্য বর্ধন কাজ চলমান আছে। ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী উন্নয়ন কাজ পরিদর্শনকালে সংশ্লিষ্ট ঠিকাদার, নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ ও আব সাহাদাৎ মো. তৈয়বসহ সংশ্লিষ্ট প্রকৌশলীবৃন্দ উপস্থিত ছিলেন। তিনি নির্ধারিত সময়ের মধ্যে চলমান উন্নয়ন কাজ সমাপ্ত করার জন্য সংশ্লিষ্টদের তাগাদা দেন।

চট্টগ্রাম-৩ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলীর দায়িত্ব পেলেন তত্বাবধায়ক প্রকৌশলী মাহফুজুল হক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী অফিসিয়াল কাজে বিদেশে অবস্থান করায় তদস্থলে তত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ ও যান্ত্রিক) মাহফুজুল হক-কে প্রধান প্রকৌশলীর পদে ভারপ্রাপ্ত দায়িত্ব পালন করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.১১.১৬০০.০০১.৩১.১১৬.১৮-৩২৪ তারিখ ২৯-০৩-২০১৮ মূলে অফিস আদেশ প্রদান করা হয়েছে। গত ২৮ মার্চ ২০১৮ খ্রি. তারিখ হতে এ আদেশ কার্যকর হয়েছে। প্রধান প্রকৌশলী ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী কর্মস্থলে যোগদান না করা পর্যন্ত তিনি এই দায়িত্বে থাকবেন।

চট্টগ্রাম-৩ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার

সিটি মেয়রের সাথে আন্তঃ জিলা মালামাল পরিবহন সংস্থা ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতির মতবিনিময়

২ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, সন্ধ্যায় নগরভবন সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে আন্তঃ জিলা মালামাল পরিবহন সংস্থা ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতির মতবিনিময় সভায় কাভার্ডভ্যান ও ট্রাক এর উপর আরোপিত উৎসকর পুনঃবিবেচনায় উদ্যোগ গ্রহণ করার আশ্বাস প্রদান করা

হয়। বৈঠকে মেয়র চট্টগ্রামে সার্বিক উন্নয়নে আন্তঃ জিলা মালামাল পরিবহন সংস্থা ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতির সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, চট্টগ্রামের উন্নয়নের সাথে বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতি অঙ্গাঙ্গিভাবে জড়িত। চট্টগ্রামে আন্তর্জাতিক মানের সমুদ্রবন্দর থাকার কারনে চট্টগ্রামের সাথে সারা দেশের পন্য পরিবহনে একটা যোগ সূত্র রয়েছে। ভারী পণ্য পরিবহন এর কারনে চট্টগ্রামের রাস্তাঘাট উন্নয়নে ব্যাপক পরিমান অর্থ ব্যয় করতে হয়। ধারণ ক্ষমতার অতিরিক্ত পণ্য বহন করার কারনে সড়কসমূহ প্রতিনিয়ত ক্ষতিগ্রস্ত হয়। এ সকল ক্ষতিগ্রস্ত রাস্তা সংস্কার ও উন্নয়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে হিমশিম খেতে হয়। মেয়র আরো বলেন, ট্রান্সপোর্ট এজেন্সীগুলো অনেক বছর ট্রেড লাইসেন্স না করে ব্যবসা পরিচালনা করে আসছে ফলে লাইসেন্স ফি থেকে রাষ্ট্র ও চসিক ক্ষতিগ্রস্ত হচ্ছে- যা কাম্য নয়। তিনি সকল ট্রান্সপোর্ট এজেন্সী মালিকদের নতুন ট্রেড লাইসেন্স গ্রহন ও নবায়নের মাধ্যমে ব্যবসা পরিচালনা করার জন্য পরামর্শ দেন। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্ধারিত কাভার্ডভ্যান কর পরিশোধ করার অনুরোধ করেন। প্রসঙ্গক্রমে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, অলংকার থেকে নিমতলা এবং আগ্রাবাদ এক্সেস রোডের উন্নয়ন কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে। এ ছাড়াও ট্রাক ও কাভার্ডভ্যান টার্মিনালের জন্য ৪টি প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে। আশা করা যাচ্ছে, এ সকল প্রকল্প একনেকে উপস্থাপিত হলে অনুমোদিত হবে। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মান্নান সিদ্দিকী, আন্তঃ জিলা মালামাল পরিবহন সংস্থা ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতির সভাপতি লতিফ আহম্মদ, সাধারণ সম্পাদক চৌধুরী জাফর আহম্মদ, সহ সভাপতি এ কে এম নবীউল হক সুমন, যুগ্ম সম্পাদক ইউসুফ মজুমদার মানিক, আরিফুর রহমান রুবেল, সাংগঠনিক সম্পাদক মো. সুফিউর রহমান টিপু, চট্টগ্রাম জেলা ট্রাক শ্রমিক ইউনিয়ন সভাপতি শফিকুল ইসলাম শফি, কার্যকরি সভাপতি আবদুল নবী লেদু, সাধারণ সম্পাদক আব্দুল সবুর, মালিক সমিতির আলমগীর হোসেন বাবুল, মনিরুল ইসলাম চৌধুরী, নূরে আলম রনী, শামসুজ্জামান সুমন, মো. হারুন উর রশিদ দিদার, নুরুল ইসলাম সাহবুদ্দিন, জাফর ভূইয়া, শাহাদা ৎ হোসেনসহ অন্যরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৩ এপ্রিল ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে চট্টগ্রাম ফল ব্যবসায়ী সমিতি ও তামাকুন্ডী লেইন বণিক সমিতির নবনির্বাচিত কমিটির নেতৃবৃন্দের মতবিনিময়

সম্প্রতি অনুষ্ঠিত নির্বাচনে নির্বাচিত চট্টগ্রাম ফল ব্যবসায়ী সমিতি ও তামাকুন্ডী লেইন বণিক সমিতির নেতৃবৃন্দ ২ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, সকালে, নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় করেন। এ সময় নেতৃবৃন্দ মেয়রের সাথে পরিচিত হন এবং তাদের ব্যবসা সংক্রান্ত বিষয় সমূহ মেয়রের নিকট তুলে ধরেন। তারা ফলমুন্ডী এলাকার জলাবদ্ধতা

এবং সকল ব্যবসায়ীদের নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে মেয়রের সহযোগিতা কামনা করেন। মতবিনিময়কালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ব্যবসায়ী সকলকে নিয়মিত ট্রেড লাইসেন্স নবায়ন করা এবং ব্যবসা পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করার পরামর্শ দেন। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবার ক্ষেত্রে ব্যবসায়ীদের সহযোগিতা কামনা করেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, মো. মীর নওশাদ, চট্টগ্রাম ফল ব্যবসায়ী সমিতির নবনির্বাচিত সভাপতি আলহাজ্ব আবদুল মালেক, সাধারণ সম্পাদক মো. আলমগীর, সহ সভাপতি, সম্পাদক মন্ডলী ও নির্বাহী সদস্যদের মধ্যে আবদুল খালেক, আবুল হোসেন, মো. সোলায়মান, মো. ইউসুফ, মো. আলমগীর, মো. আজম, আবুল কাসেম, মো. মিজানুর রহমান, মো. ইয়াছিন এবং তামাকুন্ডী লেইন বণিক সমিতির নবনির্বাচিত সভাপতি আলহাজ্ব সামশুল আলম, সাধারণ সম্পাদক আহম্মদ কবির দুলালসহ কমিটির সহ সভাপতি, সম্পাদক মন্ডলী ও নির্বাহী সদস্যদের মধ্যে ফজল কবির, হাজী আবু তৈয়ব, মো. রফিক, মোজাম্মেল হক, মো. রাসেল, মো. সওকত আজিজ, মোস্তাক আহম্মদ, মো. ফজলু রহমান, কফিল উদ্দিন চৌধুরী, মো. খালেক হোছাইন, মো. হানিফ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৩ এপ্রিল ২০১৮ খ্রি.

মোহরা বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের আয়োজনে ৪৮ তম মহান স্বাধীনতা দিবস উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায়- মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মহান মুক্তিযুদ্ধের চেতনায় ঘরে ঘরে বঙ্গবন্ধুর আদর্শের কর্মী বাহিনী গড়ে তুলতে হবে। এ লক্ষে বর্তমান প্রজন্মের সকলকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও বঙ্গবন্ধুর জীবন সম্পর্কে উদ্বুদ্ধ করতে হবে। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, বর্তমান বাংলাদেশ দ্রুত এগিয়ে যাচ্ছে। উন্নয়নে সমৃদ্ধ হচ্ছে বাংলাদেশ। বিশ্ববাসী বাংলাদেশের উন্নয়ন ও সমৃদ্ধিকে রোল মডেল হিসেবে আখ্যায়িত করছে। বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনা সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকাসক্ত থেকে দেশের যুব সমাজকে রক্ষার লক্ষে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রশাসন পরিচালনা করছে। ফলে এ ক্ষেত্রে দেশবাসী সুফল ভোগ করছে।তিনি গণতন্ত্র ও উন্নয়নের পথের সকল বাধা-বিপত্তি অতিক্রম করে যুব সমাজকে এগিয়ে যাওয়ার আহŸান জানান। ১ এপ্রিল ২০১৮ খ্রি. রোববার, সন্ধ্যায় নগরীর মোহরা ওয়ার্ড বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের আয়োজনে ৪৮ তম মহান স্বাধীনতা দিবস উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভা ও দুঃস্থদের মাঝে বস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে এ আহবান জানান। স্থানীয় পূর্ব মোহরা মসজিদ মার্কেট চত্বরে অনুষ্ঠিত আলোচনা সভা ও বস্ত্র বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বীর মুক্তিযুদ্ধা ও ৫নং মোহরা ওয়ার্ড আওয়ামীলীগের সাবেক সভাপতি আবদুল মালেক খান। চট্টগ্রাম মহানগর আওয়ামী যুবলীগের আহবায়ক কমিটির সদস্য নঈম উদ্দিন খানের উপস্থাপনায় অনুষ্ঠিত অনুষ্ঠানে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল

মাহমুদ, বাংলাদেশ আওয়ামী যুবলীগের প্রেসিডিয়াম সদস্য সৈয়দ মাহমুদুল হক, আওয়ামীলীগ নেতা মোহাম্মদ ইসা বিশেষ অতিথি ছিলেন। সভায় প্রধান বক্তা ছিলেন ৩৩নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ড কাউন্সিলর ও মহানগর আওয়ামী যুবলীগের আহবায়ক কমিৃটির সদস্য হাসান মুরাদ বিপ্লব। সভায় ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জসিম উদ্দিন, আওয়ামীলীগ নেতা রুবায়েত হোসাইন, সোলায়মান চৌধুরী, নগর যুবলীগ সদস্য সাখাওয়াত হোসেন সাকু, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা কফিল উদ্দিন, নাজির উদ্দিন নুরু, আবদুল আল মামুন, রফিক এলাহী, মো. সোলায়মান, নগর স্বেচ্ছাসেবক লীগ নেতা এস এম আলী আকবর, সাবেক কেন্দ্রীয় ছাত্রলীগের সহ সম্পাদক ফয়সাল বাপ্পী, ওয়ার্ড যুবলীগ নেতা সঞ্জিব ভট্টাচার্য বাবু, মো. তারেক, মো. সোহেল, মো. শাহজাহান, নুর আলম, সওকত সরকার, মো. নিয়ামত, মনির হোসেন, মো. মানিক, নগর ছাত্রলীগের সদস্য সাইদুল ইসলাম সজিব, আরাফাত চৌধুরী, মো. রানা, ফরহাদ খান, আবদুল্লা আল নোমান, সাহেদুল ইসলাম, জমি উদ্দিন, মো. রফিক, মো. মনি, মো. মিজান বক্তব্য রাখেন।

চট্টগ্রাম-০৩এপ্রিল ২০১৮ খ্রি.

১১ নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ডে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সুধিসমাবেশে মেয়র আ জ ম নাছির উদ্দীন

মাদকসেবি,সন্ত্রাসী ও জঙ্গীদের চিহ্নিত করে তাদের ছবি ও নাম ঠিকানা গণমাধ্যম প্রকাশ করা হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মাদকসেবি,সন্ত্রাসী ও জঙ্গীদের চিহ্নিত করে তাদের ছবি ও নাম ঠিকানা গণমাধ্যম প্রকাশ করা হবে এবং সামাজিকভাবে তাদেরকে প্রতিহত করার পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। ০১ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার, সকালে ১১ নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ডস্থ লাকী স্কয়ারে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়োজনে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। স্থানীয় কাউন্সিলর মোরশেদ আকতার চৌধুরীর সভাপতিত্বে এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম এর সঞ্চালনায় অনুষ্ঠিত সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কক্সবাজার থেকে নির্বাচিত সংসদ সদস্য সাইমন সরওয়ার কমল, ২৭ নং ওয়ার্ড কাউন্সিলর ও আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি এইচ এম সোহেল, আবুল হাশেম,এস এম এরশাদ উল্লাহ, চসিক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ)জাহানারা ফেরদৌস, পাহাড়তলী থানার অসি রফিকুল ইসলাম,এরশাদুল আমিন,ওয়াহিদুল আমিন,জয়নাল আবদীন চৌধুরী, আবুল বশর, শাহজাহান,সুমন দেবনাথ,কাজী মিনহাজ উদ্দিন, জাহাঙ্গীর আলম চৌধুরী,সুজিত দাশ,এমদাদুল ইসলাম, মাওলনা খালেক মিয়া,ডা. সুমন তালুকদার, রাধারানী দেবী, আফগানী বাবু, জাহেদ হোসেন, আবদুল খালেক ভুইয়া, মাও. মুফতি ইসলাম, টিটু দাশ,মনির উদ্দিন, মাওলানা মো. ইউসুফ, মাওলানা উসমান, মাওলনা সাদেকুর রহমান, মাওলনা নাজিম উদ্দিন, ফরিদ উদ্দিন চৌধুরী, ইকবাল, ইসলাম কন্ট্রা. আরাফাত রুবেল, বাবুল দাশ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি

ও নানা শ্রেনী পেশার প্রতিনিধিরা তাদের মতামত উপস্থাপন করেন। প্রধান অতিথির বক্তব্যে মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে প্রতিটি ওয়ার্ডে কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলরদের নেতৃত্বে সকল দল ও পেশার প্রতিনিধিদের নিয়ে কমিটি গঠন করা হবে। গঠিত কমিটি ১৫ দিন অন্তর অন্তর বৈঠক করে সংশ্লিষ্ট ওয়ার্ডে সন্ত্রাসী,জঙ্গী ও মাদক সেবী ও বিক্রেতা সংক্রান্ত তথ্য উপাদ্য সংগ্রহ করে পুলিশ প্রশাসনের নিকট হস্তান্তর করবে। এভাবে প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে প্রতিরোধ গড়ে তুলে চট্টগ্রাম নগরীকে মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদ থেকে মুক্ত করে আদর্শ নগরীতে উন্নিত করা হবে।তিনি বলেন,মানুষ যখন অপরাধে জড়িয়ে ভয়ঙ্কর রূপ ধারন করে, তখন সে বে-পরোয়া হয়। এ ধরনের ব্যক্তিরা অপরাধ করতে দ্বিধাবোধ করে না

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন